গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়

# ৬নং ভজনপুর ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং ঃ

তারিখ ঃ ১৯/১০/২০২২ ইং।

## মাসিক সভার কার্যবিবরনী ঃ

স্থানঃ ইউ'পি হল রুম,
সময়ঃ সকাল ১০ ঘটিকা,
তারিখঃ ১৯/১০/২০২২ ইং।

উপস্থিত সদস্য ও সদস্যাগনের নামঃ

| ক্রমিক নং | উপস্থিত সদস্য গনের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ মসলিম উদ্দীন | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২ | মোছাঃ হালিমা খাতুন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ মুক্তা বেগম | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ লিপি আকতার | ইউ'পি সদস্যা | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আবির আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ ইউছুব আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ সামসুল হক সরকার | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ কাজিম উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ মোকবুল হোসেন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ তবিবর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ রিয়াজ উর রহমান | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ জাহের আলী | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ জমির উদ্দীন | ইউ'পি সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোছা. রাশেদা খাতুন | হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর | স্বাক্ষরিত |
| ১৫ | আশুতোষ সরকার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় :**

১। গত সভার বিষয়বস্তু পাঠ ও অনুমোদন করণ।

২। সেপ্টেম্বর/২০২২ মাসের আয়ও ব্যয় বিবরনী উথ্যাপন ও অনুমোদন।

৩। আইন শৃংখলা বিষয়ক আলোচনা

৪। গ্রাম আদালত বিষয়ক আলোচনা

৫। ২০২২-২০২৩ টি,আর, কাবিটা-নগদ অর্থ ও কাবিখা খাদ্যশষ্য-চাল/গম ১ম পর্যায়ের বরাদ্দ হতে প্রকল্প ও বাস্তবায়ন কমিটি গঠন প্রসঙ্গেঁ।

৬। বিবিধ।

অদ্যকার সভায় জনাব মোঃ মসলিম উদ্দীন চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সভার কার্য আরম্ভ করা হইল। সভা শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান।

১নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত সভার আলোচ্য সূচীসমুহ পাঠ করিয়া শুনান, সভাপতি কতৃক পাঠকৃত আলোচ্য সূচীর সীদ্ধান্ত সমুহ সম্পর্কে কাহোরো আপত্তি না থাকায় অদ্যকার সভায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল।

২ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সদস্যগনের দৃষ্টি আর্কসন পূর্বক ইউপি সচিব সাহেবকে সেপ্টেম্বর -২০২২ মাসের আয় ও ব্যয় সমুহ সভায় উথ্যাপন করিতে বলিলে সচিব সাহেব সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে সেপ্টেম্বর/২০২২ মাসের আয় ও ব্যয় সমুহের খাত ওয়ারী বিবরনী উথ্যাপন করেন। উল্লেখিত আয় ও ব্যয় সমুহ পরীক্ষান্তে দেখা য়ায় যে, গত মাসের জের আয়সহ বিভিন্ন খাতে আয় করা হয়েছে ২,৬১,৭৭২/ (দুই লক্ষ একষট্রি হাজার সাতশত বাহাত্তর) টাকা এবং বিভিন্ন ভাউচার মুলে ব্যয় করা হয়েছে ১,০১,০০০/- ( এক লক্ষ এক হাজার) টাকা মাত্র। উদ্বৃত্ত- ১,৬০,৭৭২/- (এক লক্ষ ষাট হাজার সাতশত বাহাত্তর) টাকা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শাখার ১০৩৭৬৬ সাধারন তহবিল হিসাবে জমা রয়েছে। সকল জমা বহি, ব্যাংক হিসাব বিবরনী, সহ ক্যাশব হি, ক্যাশবহি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল মর্মে অদ্যকার সভায় সেপ্টেম্বর-২০২২ মাসের আয় ও ব্যয় বিবরনী সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

৩ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্য গনের দৃষ্টি আকর্ষন পূর্বক অত্র ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে সভাষদ গনকে আলোচনার জন্য আহব্বান জানান। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে সভাষদগন একে একে তাদের নিজ নিজ এলাকার আইনশৃংখলা পরিস্থিতি স্বাবাভিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অতপর সভায় বাল্ল্য বিবাহ, ইভ টিচিং, সন্ত্রাশ ও নাসকতা বিষয়ে ব্যপকভাবে আলোচনা করা হয় আলোচনান্তে আইন শৃংখলা পরিস্থিতি সহ সার্বিক বিষয়ে স্বজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

৪ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্য গনের দৃষ্টি আকর্ষন পূর্বক ইউনিয়নের গ্রাম আদালত সঠিকভাবে পরিচালনার জন্য সভাষদ গনকে আলোচনার জন্য আহব্বান জানান। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে সভাষদগন দেওয়ানী ও ফৌজদারী ছোট ছোট মামলা সমুহ অর্থাৎ ৭৫০০০/- হাজার টাকার মধ্যে সংগঠিত মামলা মসুহ গ্রাম আদালত গঠন পূর্বক ইউনিয়ন পরিপদের মাধ্যমে সমাধান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল।

৫ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্যগনের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের গত ০৫-০৯-২০২২ তারিখের ৫১.০১.৭৭৯০.০০০.৯৮.০৫.২২-৪৬৫ নং স্বারকের পত্রটি পড়িয়া শুনান এবং বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি,আর) সাধারন কর্মসুচীর আওতায় অত্র ভজনপুর ইউপির অনুকুলে ১ম পর্যায়ে ১,৮১,৮৮৬/-(এক লক্ষ একাশি হাজার আটশত ছিয়াশি) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গিয়াছে। এমতাবস্থায় প্রাপ্ত বরাদ্দের বিপরিতে অগ্রাধিকারের আলোকে বাস্তবায়নযোগ্য প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা আবশ্যক। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে ব্যপক আলোচনান্তে নিম্ন বণিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রস্তুত করা হইল। গৃহীত প্রকল্প সমুহ অদ্যকার সভায় সর্বসম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

১। প্রকল্পের নামঃ-ভজনপুর ইউনিয়ন পরিষদ মাঠে মাটি ভরাট সংস্কার করণ। বরাদ্দ-১,৮১,৮৮৬/-টাকা।

বাস্তাবায়ন কমিটির নিম্নরুপ

| | | |
|---|---|---|
| ১) মো. তবিবর রহমান | ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ২) মোছা. মুক্তা বেগম | ইউপি সদস্য | প্রকল্প সচিব |
| ৩) মো. রিয়াজ উর রহমান | ইউ'পি সদস্য | প্রকল্প সদস্য |
| ৪) মো. সামসুদ্দিন | বীর মুক্তিযোদ্ধা | প্রকল্প সদস্য |
| ৫) মো. কামাল উদ্দীন | | |

৫ নং আলোচ্য সূচীতে সভাপতি মহোদয় সকল সদস্যগনের দৃষ্টি আকর্ষন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের গত ০৫-০৯-২০২২ ইং তারিখের ৫১.০১.৭৭৯০.০০০.৯৮.০৪.২২-৪৬৬ নং স্বারকের পত্রটি পড়িয়া শুনান এবং বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বৎসরের গ্রামীন অবকাঠামো সংস্কার রক্ষনা বেক্ষণ (কাবিটা-নগদ অর্থ,কাবিখা খাদ্যশষ্য-চাল/গম) সাধারন কর্মসুচীর আওতায় ১ম পর্যায়ের অত্র ভজনপুর ইউপির অনুকুলে ১ম পর্যায়ে কাবিটা-নগদ ২,৪৫,৩৩০/-(দুই লক্ষ পয়তাল্লিশ হাজার তিন শত ত্রিশ) টাকা,কাবিখা খাদ্যশষ্য (চাল) ১.৬৬০ মে. টন ও কাবিখা খাদ্যশষ্য (গম) ১.৬৬০ মে.টন মাত্র বরাদ্দ পাওয়া গিয়াছে। এমতাবস্থায় প্রাপ্ত বরাদ্দের বিপরিতে অগ্রাধিকারের আলোকে বাস্তবায়নযোগ্য প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা আবশ্যক। সভাপতি মহোদয়ের উক্ত প্রস্তাবের আলোকে ব্যপক আলোচনান্তে নিম্ন বণিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রস্তত করা হইল। গৃহীত প্রকল্প সমুহ অদ্য কার সভায় সর্বসম্মতি ক্রমে গ্রহীত ও অনুমোদিত হইল।

কাবিটা-

১। প্রকল্পের নামঃ- ভদ্রেশ্বর আশ্রয়ন প্রকল্পের মাঠে মাটি ভরাট করণ। বরাদ্দ- ২,৪৫,৩৩০ টাকা।

বাস্তাবায়ন কমিটির নিম্নরুপ

| | | |
|---|---|---|
| ১) মো. জমির উদ্দীন | ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ২) মোছা. লিপি আক্তার | ইউপি সদস্য | প্রকল্প সচিব |
| ৩) মো. জাহের আলী | ইউ'পি সদস্য | প্রকল্প সদস্য |
| ৪) মো. সাবেদ আলী | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৫) মো. আব্দুল জলিল | ব্যবসায়ী | প্রকল্প সদস্য |

কাবিখা (চাল)-

১। প্রকল্পের নামঃ-গনাগছ সতিরুলের বাড়ি হইতে গনাগছ সমারুর বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার করণ। বরাদ্দ- ১.৬৬০ মে.টন চাল।

বাস্তাবায়ন কমিটির নিম্নরুপ

| | | |
|---|---|---|
| ১) মো. জাহের আলী | ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ২) মোছা. হালিমা খাতুন | ইউপি সদস্য | প্রকল্প সচিব |
| ৩) মো. ইউসুফ আলী | ইউ'পি সদস্য | প্রকল্প সদস্য |

৪) মো. মামুনুর রহমান — শিক্ষক — প্রকল্প সদস্য

৫) মো. সমারু — ব্যবসায়ী — প্রকল্প সদস্য

কাবিখা-(গম)-

১। প্রকল্পের নাম:- খুনিয়াগছ কমিরের বাড়ি হইতে পাকা রাস্তা পর্যন্ত রাস্তা সংস্কার করণ। বরাদ্দ-১.৬৬০ মে.টন গম।

<u>বাস্তাবায়ন কমিটির নিম্নরুপ</u>

| | | | |
|---|---|---|---|
| ১) | মো. হালিমা বেগম | ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ২) | মো. ইউসুফ আলী | ইউপি সদস্য | প্রকল্প সচিব |
| ৩) | মো. আবির আলী | ইউ'পি সদস্য | প্রকল্প সদস্য |
| ৪) | মো. আনোয়ার হোসেন | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৫) | মো. সেকেন্দার আলী | ব্যবসায়ী | প্রকল্প সদস্য |

পরিশেষে সভায় আর কোন আলোচন না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন ।

মোঃ মসলিম উদ্দীন
চেয়ারম্যান
৬নং ভজনপুর ইউনিয়ন পরিষদ
তেঁতুলিয়া, পঞ্চগড়